

জে এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

বিষয় কোড : 1 5 4

সৃজনশীল প্রশ্ন

সময়-১ ঘণ্টা ৩০ মিনিট

মান-২৫

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৫×৫ = ২৫

- ১। স্যাটেলাইট কী? অপটিক্যাল ফাইবারের গঠন সুবিধা ও অসুবিধা লেখ।
- ২। তথ্য প্রযুক্তি ব্যবহার করে কম শ্রমিক দিয়ে বেশি উৎপাদন করা যায়- ব্যাখ্যা কর।
- ৩। টপোলজি কী? বাস ও স্টার টপোলজি বর্ণনা কর।
- ৪। অ্যানালগ সিগনাল কী? স্প্রেডসিট প্রোগ্রামে ফর্মুলা ও ফাংশনের পার্থক্য কী লেখ।
- ৫। প্রটোকল কী? হাব ও সুইচের মধ্যে পার্থক্য লেখ।
- ৬। ডাটাবেজ কী? সরকারি কর্মকাণ্ডে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বর্ণনা কর।
- ৭। শিক্ষার ক্ষেত্রে তথ্য প্রযুক্তি ব্যবহারের সুফল তোমার নিজের ভাষায় বর্ণনা কর।

৮। বর্তমানে ই-মেইল হচ্ছে যোগাযোগের দ্রুততম মাধ্যম- ব্যাখ্যা কর।

সময়-২৫ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

মান-২৫

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও।

প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।

১. NIC কোনটির সাথে সম্পর্কিত?
 - ক) হাবের সাথে
 - খ) ইউজারের সাথে
 - গ) রিসোর্সের সাথে
 - ঘ) নেটওয়ার্কের সাথে
২. অনলাইন পত্রিকা পড়তে প্রয়োজন কোনটি?
 - ক) ইন্টারনেট সংযোগ
 - খ) ই-মেইল
 - গ) ইন্টারসীড
 - ঘ) ইন্টারকানেকশন
৩. নিচের কোনটি কম্পিউটার প্রোগ্রাম?
 - ক) স্প্রেডশিট
 - খ) মোবাইল
 - গ) কার (car)
 - ঘ) রেডিও
৪. লেখার ফন্ট পরিবর্তন করা যায় এরূপের কোন বারের সাহায্যে?
 - ক) ফরমুলাবার
 - খ) টুলবার
 - গ) ফর্মেটিং টুলবার
 - ঘ) শিট ট্যাব
৫. কীবোর্ডে কোন নির্দেশনা দিলে কার্সর ওয়ার্কশিটের শুরুতে আসবে?
 - ক) End
 - খ) Shift + End
 - গ) Ctrl + End
 - ঘ) Home
৬. সার্ভার কিসের সাথে সম্পর্কিত?
 - ক) রেডিও
 - খ) ইন্টারনেট
 - গ) কম্পিউটার নেটওয়ার্ক
 - ঘ) অনলাইন
৭. Client কম্পিউটার কোথা থেকে তথ্য নেয়?
 - ক) ইউজার থেকে
 - খ) ইন্টারনেট থেকে
 - গ) এডমিন থেকে
 - ঘ) সার্ভার থেকে
৮. হিসাব রাখার উদ্দেশ্যে আবিষ্কৃত হয়েছে কোনটি?
 - ক) টিভি
 - খ) রেডিও
 - গ) অ্যাবাকাস
 - ঘ) ল্যান্ডফোন
৯. কম্পিউটারের সাথে লাগানো প্রিন্টার কি হিসেবে কাজ করে?
 - ক) মিডিয়া
 - খ) রিসোর্স
 - গ) সার্ভার
 - ঘ) এডমিন
১০. রেডিও শোনার আধুনিক ব্যবস্থা কোনটি?
 - ক) ইন্টারকম
 - খ) ইন্টারনেট
 - গ) ইন্টারপ্রেন্টার
 - ঘ) টেলিভিশন
১১. নিচের অনুচ্ছেদটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :
রাফিবে একদিন স্কুল থেকে বাসায় এসে দেখল টেলিভিশনে ভারত পাকিস্তান ক্রিকেট খেলা হচ্ছে। সে তাড়াতাড়ি হাতমুখ ধুয়ে খেলা দেখতে বসে পড়ল। কেননা ক্রিকেট খেলা তার খুবই প্রিয়।
১১. রাফিবে যে মাধ্যমে খেলা দেখছিল তা মূলত কোন যোগাযোগ পদ্ধতির উদাহরণ?
 - ক) একমুখী যোগাযোগ
 - খ) ত্রিমুখী যোগাযোগ
 - গ) দ্বিমুখী যোগাযোগ
 - ঘ) ইউনিকাস্ট পদ্ধতি
১২. আর কোন মাধ্যম ব্যবহার করে উক্ত যোগাযোগ প্রক্রিয়ায় তথ্য পাঠানো যায়?
 - i. রেডিও
 - ii. সংবাদপত্র
 - iii. মোবাইল ফোন

নিচের কোনটি সঠিক?

 - ক) i ও iii
 - খ) i ও ii
 - গ) ii ও iii
 - ঘ) i, ii ও iii
১৩. ৫০ বছর আগে মানুষ হিসাব করতে কোনটি ব্যবহার করত?
 - ক) কাগজকলম
 - খ) কম্পিউটার
 - গ) ক্যালকুলেটর
 - ঘ) গাছের বাকল
১৪. শিশুদের টিকা দেওয়া হয় কেন?
 - ক) রোগ প্রতিকারের জন্য
 - খ) রোগ সারার জন্য
 - গ) রোগ মুক্তির জন্য
 - ঘ) রোগ প্রতিরোধের জন্য
১৫. দৈনন্দিন জীবনের বিভিন্ন সমস্যা সমাধানের প্রথম হাতিয়ার কোনটি?
 - ক) মোবাইল
 - খ) কম্পিউটার
 - গ) ইন্টারনেট
 - ঘ) তথ্য
১৬. পিপীলিকায় তথ্য থাকে-
 - ক) ইংরেজিতে
 - খ) বাংলায়
 - গ) আরবিতে
 - ঘ) চীনা ভাষায়
১৭. আরপানেট ক্রিপার কী?
 - ক) একটি ভাইরাস
 - খ) একটি সার্ভার
 - গ) root কম্পিউটার
 - ঘ) একটি ওয়ার্ম
১৮. ইন্টারনেট ব্যবহার করে হুমকি প্রদর্শন কী ধরনের অপরাধ?
 - ক) ডাকাতি
 - খ) ছিনতাই
 - গ) ঘৃণ গ্রহণ
 - ঘ) সাইবার ক্রাইম
১৯. ই-মেইল ঠিকানা খোলা যায়-
 - i. বিনামূল্যে
 - ii. টেলিফোনে
 - iii. সামান্য প্রশিক্ষণেই

নিচের কোনটি সঠিক?

 - ক) i ও ii
 - খ) i ও iii
 - গ) ii ও iii
 - ঘ) i, ii ও iii
২০. Captcha মূলত কী?
 - ক) একটি কম্পিউটার
 - খ) পাসওয়ার্ড
 - গ) একটি নিরাপত্তাব্যবস্থা
 - ঘ) একটি নেটওয়ার্ক ব্যবস্থা
২১. মাইক্রোসফট অফিস কী ধরনের সফটওয়্যার?
 - ক) অপারেটিং সিস্টেম
 - খ) ডেটাবেজ সফটওয়্যার
 - গ) এ্যানিমেশন সফটওয়্যার
 - ঘ) মাল্টিমিডিয়া সফটওয়্যার
২২. CIS ভাইরাস প্রতিবছর কত তারিখে সক্রিয় হয়?
 - ক) ২১ এপ্রিল
 - খ) ৬ এপ্রিল
 - গ) ২৬ এপ্রিল
 - ঘ) ১৬ এপ্রিল
২৩. রোবট সাধারণত কী কাজে ব্যবহৃত হয়?
 - ক) বিভিন্ন বিপজ্জনক কাজে
 - খ) ATM থেকে টাকা তুলতে
 - গ) মাসিক বেতনের হিসাব রাখতে
 - ঘ) গাড়ি চালাতে
২৪. বর্তমানে অনলাইনে নিচের কোন ক্ষেত্রের বিল প্রদান করা যায়?
 - ক) বিদ্যুৎ
 - খ) পানি
 - গ) গ্যাস
 - ঘ) উপরের সবগুলো
২৫. বর্তমানে চাকরির আবেদনপত্র পাঠানো যায় কোনটির মাধ্যমে?
 - ক) চিঠি
 - খ) ফ্যাক্স
 - গ) মোবাইল
 - ঘ) ইন্টারনেট

১	গ	২	ক	৩	ক	৪	গ	৫	গ	৬	গ	৭	ঘ	৮	ঘ	৯	খ	১০	খ	১১	ক	১২	খ	১৩	ক
১৪	ঘ	১৫	ঘ	১৬	খ	১৭	ক	১৮	ঘ	১৯	খ	২০	গ	২১	গ	২২	গ	২৩	ক	২৪	ঘ	২৫	ঘ		